ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক

# আর্থিক অন্তর্ভুক্তিমূলক উদ্যোগের আওতায় খোলা বিশেষ সুবিধাযুক্ত হিসাবসমূহের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন

## ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকায় খোলা ব্যাংক হিসাব, স্কুল ব্যাংকিং হিসাব এবং পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংক হিসাব

মার্চ ২০২০

# সূচিপত্র

১.ভূমিকা ৪

১.১. বাংলাদেশ ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তিমূলক উদ্যোগ ৪

১.২. বিশেষ সুবিধাযুক্ত হিসাবধারীদের জন্য অর্থায়ন সুবিধা প্রবর্তন: ২০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম ৪

২.১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকার হিসাবসমূহের মার্চ ২০২০ ভিত্তিক ত্রৈমাসিক অগ্রগতি তথ্য ৫

২.১. বিভিন্ন খাতে ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকায় মার্চ ২০২০ পর্যন্ত খোলা ব্যাংক হিসাবের তথ্য ৫

২.২. কৃষকদের ১০ টাকার হিসাব ৭

২.৩. কৃষকের ১০ টাকার হিসাব ব্যতীত অন্যান্য ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকার হিসাব ৭

৩. স্কুল ব্যাংকিং কার্যক্রমের মার্চ ২০২০ ভিত্তিক ত্রৈমাসিক অগ্রগতি তথ্য ১১

৪.পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংকিং সেবা প্রদানের মার্চ ২০২০ ভিত্তিক ত্রৈমাসিক অগ্রগতি তথ্য ১৫

পরিশিষ্ট-ক: তফসিলি ব্যাংকসমূহে ১০ টাকা/৫০ টাকা/১০০ টাকার হিসাব খোলা সংক্রান্ত নির্দেশনাসমূহের তালিকা ১৭

## ছকসমূহের তালিকা


ছক ১: ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকার বিভিন্ন খাতে খোলা ব্যাংক হিসাবের তথ্য ৫
ছক ২: বিশেষ সুবিধাযুক্ত হিসাবসমূহের মূল খাতসমূহের তথ্য ৬
ছক ৩: সকল ব্যাংকে ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকার হিসাবের ত্রৈমাসিক অগ্রগতি ৬
ছক ৪: কৃষকের ব্যাংক হিসাবের ত্রৈমাসিক অগ্রগতি ৭
ছক ৫: কৃষকের হিসাব ব্যতীত বিভিন্ন খাতে সরকারি মালিকানাধীন ০৮টি ব্যাংকে খোলা মোট ব্যাংক হিসাব ৮
ছক ৬: কৃষকের হিসাব ব্যতীত বিভিন্ন খাতে সরকারি মালিকানাধীন ০৮টি ব্যাংকে মোট পুঞ্জীভুত হিসাবের ত্রৈমাসিক ভিত্তিক তথ্য ৯
ছক ৭: স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের বিস্তারিত তথ্য ১১
ছক ৮: স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের অঞ্চলভিত্তিক বিস্তারিত তথ্য ১১
ছক ৯: স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের লিঙ্গভিত্তিক বিস্তারিত তথ্য ১২
ছক ১০: ব্যাংকের ধরণের উপর ভিত্তি করে বিগত পাঁচ ত্রৈমাসিকে ব্যাংক হিসাব খোলার তথ্য ১২
ছক ১১: ব্যাংকের ধরণ অনুযায়ী স্কুল ব্যাংকিং হিসাব এবং স্থিতির তথ্য ১৩
ছক ১২: শীর্ষ পাঁচ ব্যাংকের হিসাব সংখ্যা ও হিসাবে স্থিতির তথ্য ১৩
ছক ১৩: পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংক হিসাবের হালনাগাদ তথ্য ১৫


## চিত্রসমূহের তালিকা


চিত্র ১: বিশেষ সুবিধাযুক্ত হিসাবের মূলখাতসমূহের তুলনামূলক চিত্র ৬
চিত্র ২: কৃষকের ব্যাংক হিসাবের ত্রৈমাসিক অগ্রগতির চিত্র ৭
চিত্র ৩: কৃষকের হিসাব ব্যতীত বিভিন্ন খাতে সরকারি মালিকানাধীন ০৮টি ব্যাংকে খোলা মোট ব্যাংক হিসাব ৮
চিত্র ৪: কৃষকের হিসাব ব্যতীত বিভিন্ন খাতে সরকারি মালিকানাধীন ০৮টি ব্যাংকে খোলা হিসাবের ত্রৈমাসিক অগ্রগতি ৯
চিত্র ৫: অঞ্চলভিত্তিক স্কুল ব্যাংকিং হিসাব সংখ্যার তুলনামূলক চিত্র ১২
চিত্র ৬: অঞ্চলভিত্তিক স্কুল ব্যাংকিং হিসাবে স্থিতির তুলনামূলক চিত্র ১২
চিত্র ৭: ছাত্র এবং ছাত্রীদের স্কুল ব্যাংকিং হিসাব সংখ্যার তুলনামূলক চিত্র ১২
চিত্র ৮: ছাত্র এবং ছাত্রীদের স্কুল ব্যাংকিং হিসাবে স্থিতির তুলনামূলক চিত্র ১২
চিত্র ৯: ব্যাংকের ধরণ অনুযায়ী করে বিগত পাঁচ ত্রৈমাসিকে ব্যাংক হিসাব খোলার তুলনামূলক চিত্র ১৩
চিত্র ১০: ব্যাংকের ধরণ অনুযায়ী স্কুল ব্যাংকিং হিসাবের চিত্র ১৩
চিত্র ১১: ব্যাংকের ধরণ অনুযায়ী স্কুল ব্যাংকিং হিসাবে স্থিতির চিত্র ১৩

## ১. ভূমিকা

এটি বাংলাদেশ ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তিমূলক উদ্যোগের আওতায় খোলা বিশেষ সুবিধাযুক্ত হিসাবসমূহের ত্রৈমাসিক প্রতিবেদন। এ প্রতিবেদনে বিভিন্ন শ্রেণি-পেশার সুবিধাবঞ্চিত এবং বিশেষ জনগোষ্ঠী কর্তৃক বাংলাদেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহে ১০ টাকা/৫০ টাকা/১০০ টাকা প্রাথমিক জমা দিয়ে খোলা চার্জবিহীন হিসাবসমূহ, অনূর্ধ্ব ১৮ বছর বয়সী শিক্ষার্থীদের নামে বিভিন্ন তফসিলি ব্যাংকে পরিচালিত স্কুল ব্যাংকিং হিসাব এবং পথশিশু এবং কর্মজীবী শিশু/কিশোরদের নামে বিভিন্ন তফসিলি ব্যাংকে খোলা হিসাবসমূহের ত্রৈমাসিক চিত্র উপস্থাপন করা হয়েছে।

### ১.১. বাংলাদেশ ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তিমূলক উদ্যোগ

বাংলাদেশ ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তিমূলক উদ্যোগের অংশ হিসেবে আর্থিক সেবায় সর্বস্তরের জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক নানাবিধ পদক্ষেপ গ্রহণ করেছে। আর্থিক অন্তর্ভুক্তিমূলক কার্যক্রমের অংশ হিসেবে দেশের বিভিন্ন শ্রেণি-পেশার সুবিধাবঞ্চিত এবং বিশেষ জনগোষ্ঠীর নিকট থেকে ন্যূনতম অংকের অর্থ প্রাথমিক জমা গ্রহণপূর্বক হিসাব খোলার জন্য বাংলাদেশ ব্যাংক এদেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করেছে। এ সকল সুবিধাবঞ্চিত ও বিশেষ গ্রাহকদের মধ্যে রয়েছে মুক্তিযোদ্ধা, কৃষক, বাংলাদেশ সরকারের ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর সুবিধাভোগী, প্রতিবন্ধী, অতিদরিদ্র জনগণ, সরকারের বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতাভুক্ত ভাতাভোগী, ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা গ্রাহক, হিন্দু ধর্মীয় কল্যান ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত গ্রাহক, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে অনুদানপ্রাপ্ত ব্যক্তি, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক, তৈরী পোষাকশিল্পে কর্মরত শ্রমিক, লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল প্রকল্পভুক্ত ক্ষুদ্র কারখানার কারিগর, স্কুলগামী শিক্ষার্থী, পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোর, প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী, প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ী এবং বাংলাদেশের মূল ভুখন্ডে একীভূত অধুনালুপ্ত ছিটমহলের বাসিন্দা ইত্যাদি। তফসিলি ব্যাংকসমূহকে প্রদানকৃত এ সংক্রান্ত নির্দেশনাসমূহের তালিকা পরিশিষ্ট-ক তে উল্লেখ করা হলো। এ সকল জনগোষ্ঠীর অনুকূলে তফসিলি ব্যাংকে খোলা এ সকল হিসাবের বিপরীতে কোন ন্যূনতম স্থিতি রাখার জন্য বাধ্যবাধকতা আরোপ না করা, কোন ধরণের চার্জ বা মাশুল আরোপ না করা এবং এসব হিসাবে স্থিতির বিপরীতে প্রচলিত সঞ্চয়ী হিসাবের চেয়ে অধিক হারে মুনাফা/সুদ প্রদানের জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

আর্থিক অন্তর্ভুক্তির সুফল দেশের সর্বত্র পৌঁছে দেয়া এবং আর্থিক সেবায় তুলনামূলক সুবিধাবঞ্চিত ও গ্রামীণ অঞ্চলে বিস্তৃত করার জন্য ব্যাংকসমূহকে শহরাঞ্চলে একটি শাখা খোলার বিপরীতে গ্রামীণ অঞ্চলে একটি শাখার খুলার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। কৃষি ও এসএমই খাতে সহজ শর্তে স্বল্প সুদে ঋণের যোগান নিশ্চিতকরণের জন্য এলাকা ও ব্যাংকভিত্তিক লক্ষ্যমাত্রা আরোপ করা হয়েছে। প্রত্যন্ত অঞ্চলে ব্যাংকিং সুবিধা প্রদানের জন্য এজেন্ট ব্যাংকিং ব্যবস্থা চালু করা হয়েছে এবং মোবাইল ব্যাংকিং ব্যবস্থা চালু করা হয়েছে। এ সকল কার্যক্রম দেশের সর্বস্তরের জনগোষ্ঠীর আর্থিক অর্ন্তভুক্তি নিশ্চিতকরণে উল্লেখযোগ্য ভূমিকা রাখছে।

### ১.২. বিশেষ সুবিধাযুক্ত হিসাবধারীদের জন্য অর্থায়ন সুবিধা প্রবর্তন: ২০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম

আর্থিক সেবা বঞ্চিত তৃণমূল জনগোষ্ঠীকে প্রাতিষ্ঠানিক আর্থিক সেবাভুক্তির আওতায় নিয়ে আসার লক্ষ্যে ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভূমিহীন কৃষকসহ প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ ক্ষুদ্র ব্যবসায়ীদের আয় উৎসারী কর্মকান্ডকে বিস্তৃত করা এবং হিসাবসমূহ সচল রাখার মাধ্যমে গ্রামীণ অর্থনৈতিক কর্মকান্ডকে অধিকতর গতিশীল করার উদ্দেশ্যে তাদেরকে সহজ শর্তে ঋণ প্রদানের জন্য ২০১৪ সালে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব উৎস থেকে ২০০ কোটি টাকার একটি আবর্তনশীল পুনঃঅর্থায়ন তহবিল গঠন করা হয়। এ তহবিলের অর্থ ব্যবহারের লক্ষ্যে ব্যাংকগুলো কর্তৃক সরাসরি এবং এমএফআই লিংকেজের মাধ্যমে ঋণ বিতরণের বিপরীতে পুনঃঅর্থায়ন প্রদান করা হচ্ছে। এ স্কিমের আওতায় চুক্তিবদ্ধ ব্যাংকগুলো ১০ টাকার হিসাবধারী গ্রাহককে বিনা জামানতে ১ বছর মেয়াদে ৫০ হাজার টাকা পর্যন্ত ঋণ প্রদান করতে পারে। এ সকল ঋণ বিতরণের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক রেটে ব্যাংকগুলোকে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়। গ্রাহক পর্যায়ে এ ঋণের সর্বোচ্চ সুদ হার ৯.৫%, যা ক্রমহ্রাসমান পদ্ধতিতে হিসাবায়ন করা হয়। এছাড়া, সফলভাবে ঋণ আদায়ের বিপরীতে ব্যাংকগুলোকে এ তহবিলের আওতায় ৩.৫% হারে প্রণোদনা সুবিধাও প্রদান করা হয়ে থাকে।

## ২.  ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকার হিসাবসমূহের মার্চ ২০২০ ভিত্তিক ত্রৈমাসিক অগ্রগতি তথ্য

### ২.১. বিভিন্ন খাতে ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকায় মার্চ ২০২০ পর্যন্ত খোলা ব্যাংক হিসাবের তথ্য

আর্থিক অন্তর্ভুক্তি কর্মসূচির আওতায় ব্যাংকসমূহে মার্চ ২০২০ পর্যন্ত বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কর্তৃক বিভিন্ন খাতে সর্বমোট ২,১৩,৭৮,৭৫৮ টি বিশেষ সুবিধাযুক্ত ব্যাংক হিসাব খোলা হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নে উপস্থাপিত হলো:-


ছক ১: ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকার বিভিন্ন খাতে খোলা ব্যাংক হিসাবের তথ্য

| ক্রমিক নং | হিসাব খোলার খাত | হিসাবের বিস্তারিত তথ্যাদি | | সরকারি ভর্তুকী/ বেতন জমার কাজে ব্যবহৃত হিসাব | | ১০ টাকার হিসাবে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে ২০০ কোটি টাকার পুন: অর্থায়নকৃত ঋণ/ অন্যান্য ঋণ | | বৈদেশিক রেমিট্যান্স জমা | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | খাতওয়ারি মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা | পুঞ্জীভূত জমার মোট পরিমাণ (কোটি টাকায়) | হিসাব সংখ্যা | পুঞ্জীভূত জমার মোট পরিমাণ (কোটি টাকায়) | হিসাব সংখ্যা | ঋণ বিতরণের পরিমাণ (কোটি টাকায়) | হিসাব সংখ্যা | রেমিট্যান্সের পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | কৃষক | ১,০২,১৪,০৪৯ | ৩৫১.৯২ | ২১,৮৩,৬৯০ | ৬৭.৮৬ | ৪৮,৪৪০ | ১৩৫.২২ | ৪৮,৭৪৪ | ২০৮.৩২ |
| ২ | অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি | ২৭,০৮,৪০৯ | ৩২২.৭৬ | ৭৭১,৫৫৫ | ২৮৩.৪২ | ৫,৭০৪ | ১৯.৫৬ | ১,২৬৬ | ৭.৯৪ |
| ৩ | মুক্তিযোদ্ধা | ২,৪৮,১৮৯ | ৩৬৮.৮৭ | ১০৪,৬৮৭ | ৮২.২২ | ৯,৩৭৭ | ১৭৩.৭২ | ২৮৯ | ২.৫৯ |
| ৪ | সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী | ৬৮,৬৪,০৫২ | ৮৬৬.৪৬ | ১৭,৮৩,২০৬ | ৩৫১.৫৬ | ৫,৩৬৩ | ৫.৫৮ | ৩,৫২৫ | ৩.৯৫ |
| ৫ | ফুড ও লাইভলিহুড সিকিউরিটি প্রকল্প | ৬৫,১৮০ | ১.৮৫ | ১১,৬৯৪ | ০.৩৪ | - | - | ২২৬ | ০.৩১ |
| ৬ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে দু:স্থ পুনর্বাসনের লক্ষ্যে অনুদানের উপকারভোগী | ১,৪৯০ | ০.৩১ | ২৫৪ | ০.০৫ | - | - | ৮১ | ০.২১ |
| ৭ | সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক | ১০,১৩৯ | ০.৯২ | ৫ | ০.০০ | - | - | - | - |
| ৮ | তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক | ৩,২২,২৪৪ | ১৮২.৭০ | ৪৫,৯৮৪ | ৭.৩৮ | - | - | ১৬২ | ১.০০ |
| ৯ | এলএসবিপিসি প্রকল্পভুক্ত কারিগর | ৪,১২৯ | ২.৩৩ | ৫৪ | ০.০০ | - | - | - | - |
| ১০ | ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর সুবিধাভোগী | ৫৭,৩৩৭ | ১৪৩.৭৬ | ১৪,৩৮৯ | ৮৬.৮২ | - | - | - | - |
| ১১ | ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা | ১,২৩,২৩৬ | ৩১.৭২ | ৪,৭০৩ | ১.৮০ | - | - | ৪৭১ | ১.৮২ |
| ১২ | দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ব্যাংকিং সেবা | ২,৩০,৮৭২ | ৩৬.৭০ | ১,০০,৮৮২ | ২৩.১৩ | - | - | ৬১২ | ০.০৫ |
| ১৩ | অন্যান্য | ৫,২৯,৪৩২ | ৭৪.৮২ | ৮৫,৬৫৬ | ১১.২২ | ৩,৪০২ | ১৫.৯০ | ৯,৭৯৮ | ৩৮.৩০ |
| সর্বমোট | | ২,১৩,৭৮,৭৫৮ | ২,৩৮৫.১৩ | ৫,১০৬,৭৫৯ | ৯১৫.৮০ | ৭২,২৮৬ | ৩৪৯.৯৮ | ৬৫,১৭৪ | ২৬৪.৫০ |

### ছক ২: বিশেষ সুবিধাযুক্ত হিসাবসমূহের মূল খাতসমূহের তথ্য

| পুঞ্জীভূত হিসাব সংখ্যা | |
|---|---|
| খাতের নাম | মার্চ ২০২০ |
| কৃষক | ১,০২,১৪,০৪৯ |
| অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী | ২৭,০৮,৪০৯ |
| মুক্তিযোদ্ধা | ২,৪৮,১৮৯ |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচী | ৬৮,৬৪,০৫২ |
| অন্যান্য খাত সমূহ | ১৩,৪৪,০৫৯ |
| মোট হিসাব সংখ্যা | ২,১৩,৭৮,৭৫৮ |

### চিত্র ১: বিশেষ সুবিধাযুক্ত হিসাবের মূলখাতসমূহের তুলনামূলক চিত্র




### ছক ৩: সকল ব্যাংকে ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকার হিসাবের ত্রৈমাসিক অগ্রগতি

| হিসাবের নাম | পুঞ্জীভূত হিসাব সংখ্যা | | | সর্বশেষ ত্রৈমাসিকে হিসাব সংখ্যা বৃদ্ধির হার |
|---|---|---|---|---|
| | সেপ্টেম্বর ২০১৯ পর্যন্ত | ডিসেম্বর ২০১৯ পর্যন্ত | মার্চ ২০২০ পর্যন্ত | |
| কৃষক | ১,০০,৮১,৫৩৪ | ১,০১,৮৬,৬০৫ | ১,০২,১৪,০৪৯ | ০.২৭% |
| সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতাভোগী | ৫৫,৪০,১২০ | ৫৬,০০,৭০৮ | ৬৮,৬৪,০৫২ | ২২.৫৫% |
| মুক্তিযোদ্ধা | ২,৩৯,৩২৬ | ২,৪৭,৪৯৭ | ২,৪৮,১৮৯ | ০.২৮% |
| অন্যান্য খাতের হিসাবসহ মোট হিসাব সংখ্যা | ২,০৩,৩১,৮০৪ | ২,০৫,২০,১৩৪ | ২,১৩,৭৮,৭৫৮ | ৪.১৮% |


## ২.২. কৃষকদের ১০ টাকার হিসাব

ছক-২ এর তথ্য অনুযায়ী, আর্থিক অন্তর্ভুক্তি কর্মসূচিতে ব্যাংক হিসাব খোলা কার্যক্রমের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে কৃষকদের অন্তর্ভুক্তি। মার্চ ২০২০ তারিখ পর্যন্ত বিভিন্ন খাতে খোলা বিশেষ হিসাবসমূহের মধ্যে মোট প্রায় ৪৮% কৃষকদের হিসাব। এসব হিসাবে মার্চ ২০২০ ত্রৈমাসিকে মোট পুঞ্জীভূত জমার পরিমাণ ছিল ৩৫১.৯২ কোটি টাকা, যা পূর্ববর্তী ত্রৈমাসিকের চেয়ে ০.১৬ কোটি টাকা বেশি। কৃষি কর্মকান্ডে সরকারি সহায়তার অংশ হিসেবে সরকার প্রদত্ত বিভিন্ন ভর্তুকী প্রদানসহ অন্যান্য ব্যাংকিং সেবা প্রদানের উদ্দেশ্যে কৃষকদের হিসাব খোলা হয়। সরকারি ভর্তুকী প্রাপ্ত এমন হিসাব সংখ্যা ২১,৮৩,৬৯০ টি এবং এসব হিসাবে জমার পরিমান ৬৭.৮৬ কোটি টাকা। অন্যদিকে, ১০ টাকার কৃষকের হিসাবের মধ্যে ৪৮,৪৪০ টি হিসাবের মাধ্যমে উপকারভোগীদের মাঝে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব ২০০ কোটি টাকার তহবিল হতে পুন:অর্থায়নকৃত ঋণ/অন্যান্য ঋণ বিতরণ করা হয়েছে। মার্চ ২০১৯ হতে মার্চ ২০২০ পর্যন্ত পাঁচ ত্রৈমাসিকে কৃষকের হিসাবের তুলনামূলক তথ্য নিম্নরূপ:

ছক ৪: কৃষকের ব্যাংক হিসাবের ত্রৈমাসিক অগ্রগতি

| ত্রৈমাসিক | পুঞ্জীভূত হিসাব সংখ্যা |
|---|---|
| মার্চ ২০১৯ | ৯৯,৮৯,৯০৬ |
| জুন ২০১৯ | ১,০০,৩৬,৯০৭ |
| সেপ্টেম্বর ২০১৯ | ১,০০,৮১,৫৩৪ |
| ডিসেম্বর ২০১৯ | ১,০১,৮৬,৬০৫ |
| মার্চ ২০২০ | ১,০২,১৪,০৪৯ |

চিত্র ২: কৃষকের ব্যাংক হিসাবের ত্রৈমাসিক অগ্রগতির চিত্র




মার্চ ২০১৯ তারিখ পর্যন্ত কৃষকের ১০ টাকার হিসাবের মোট পুঞ্জীভূত সংখ্যা ছিল প্রায় ৯৯.৮৯ লক্ষ, যা মার্চ ২০২০ তারিখে বেড়ে প্রায় ১০২.১৪ লক্ষ হয় অর্থাৎ কৃষকের হিসাব সংখ্যার বার্ষিক বৃদ্ধির হার ২.২৫%। অপরদিকে, ডিসেম্বর ২০১৯ ত্রৈমাসিকের তুলনায় মার্চ ২০২০ ত্রৈমাসিকে হিসাব সংখ্যা বৃদ্ধি পেয়েছে প্রায় ২৭,৪৪৪ টি বা ০.২৭%। উল্লেখ্য, প্রাথমিক পর্যায়ে ব্যাংকসমূহ কর্তৃক প্রেরিত বিবরণী পর্যালোচনান্তে দেখা যায় মার্চ ২০২০ ত্রৈমাসিকে সোনালী ব্যাংক লি.এর ৪৬,৬৯৯ টি কৃষকের হিসাব কমে গিয়েছে মর্মে তথ্য প্রদান করে যার ফলে মার্চ ত্রৈমাসিকে মোট কৃষকের হিসাব সংখ্যা কিছুটা হ্রাস পায়। পরবর্তীতে, উক্ত ঘটনার ব্যাখ্যা চেয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রেরিত পত্রের উত্তরে প্রদত্ত তথ্য ভুলবশত: প্রেরিত হয়েছে মর্মে উল্লেখ করে সোনালী ব্যাংক লি. সংশোধিত তথ্য প্রেরণ করে। সংশোধিত তথ্য অনুযায়ী সোনালী ব্যাংক লি. কর্তৃক খোলা কৃষকের মোট হিসাব সংখ্যা মার্চ ২০২০ ত্রৈমাসিকে প্রকৃতপক্ষে ১৬,৫৫৬ টি বৃদ্ধি পেয়েছে। ফলে, সোনালী ব্যাংক লি.সহ অন্যান্য ব্যাংকসমূহ কর্তৃক খোলা মোট কৃষকের হিসাব সংখ্যা মার্চ ২০২০ ত্রৈমাসিকান্তে বেড়ে দাঁড়িয়েছে ১,০২,১৪,০৪৯ টি।


## ২.৩. কৃষকের ১০ টাকার হিসাব ব্যতীত অন্যান্য ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকার হিসাব

আর্থিক অন্তর্ভুক্তি কর্মসূচির আওতায় কৃষকের খোলা ব্যাংক হিসাব ব্যতীত অন্যান্য বিভিন্ন শ্রেণির হিসাব সংখ্যা মোট হিসাবের প্রায় ৫২% যেখানে ৩২% হিসাবই সামাজিক নিরাপত্তা খাতে খোলা হয়েছে। সরকারি বিভিন্ন কর্মসূচির আওতায় বিভিন্ন ভাতা ও বেতন প্রদান ছাড়াও আর্থিক সেবার আওতা বৃদ্ধির জন্য এসব হিসাব খোলা হয়েছে। মার্চ ২০২০ পর্যন্ত কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য বিভিন্ন খাতে খোলা মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা ১,১১,৬৪,৭০৯ টি। এর মধ্যে সরকারি মালিকানাধীন বাণিজ্যিক (০৬টি) ও বিশেষায়িত (০২টি) মোট ৮টি ব্যাংকে মার্চ ২০২০ পর্যন্ত কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য বিভিন্ন খাতে সর্বমোট ৯৪,৬৮,০৮৭ **টি** ব্যাংক হিসাব খোলা হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নে উপস্থাপিত হলো:

ছক ৫: কৃষকের হিসাব ব্যতীত বিভিন্ন খাতে সরকারি মালিকানাধীন ০৮ টি ব্যাংকে খোলা মোট ব্যাংক হিসাব

| ব্যাংকের নাম | অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি | মুক্তিযোদ্ধা | সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতাভোগী | অন্যান্য ১০/-, ৫০/- ও ১০০/- টাকার হিসাব | মোট |
|---|---|---|---|---|---|
| সোনালী ব্যাংক লি. | ৬,৪২,০৮৪ | ২,৩০,৭৯৬ | ২৬,৬০,২৩০ | ৩,৫০,৪১২ | ৩৮,৮৩,৫২২ |
| অগ্রণী ব্যাংক লি. | ৫,১১,৩৪০ | ৯,০৮৭ | ৯,০০,৪৮৮ | ৪,৫৫,৪৮০ | ১৮,৭৬,৩৯৫ |
| জনতা ব্যাংক লি. | ৩,৩৯,১৫০ | ১,৫৭৮ | ৭,৯৪,৯২০ | ৬২,১৭৮ | ১১,৯৭,৮২৬ |
| রূপালী ব্যাংক লি. | ২,০৫,৮১৮ | ২,৪২৩ | ৩,৯০১ | ১৩,৩০৭ | ২,২৫,৪৪৯ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লি. | ৮৪৬ | ১ | ৮৬৫ | ১,১০৭ | ২,৮১৯ |
| বেসিক ব্যাংক লি. | - | ৯৪ | - | ১,৭৪২ | ১,৮৩৬ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ৫,৮৩,৪১৯ | ২,৬৮৩ | ৮,৩৩,৫৯০ | ৫৭,৫১১ | ১৪,৭৭,২০৩ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ৩,৬৮,০৪২ | ১৪৫ | ৩,৭৫,৩৩৩ | ৫৯,৫১৭ | ৮,০৩,০৩৭ |
| মোট | ২৬,৫০,৬৯৯ | ২,৪৬,৮০৭ | ৫৫,৬৯,৩২৭ | ১০,০১,২৫৪ | ৯৪,৬৮,০৮৭ |

চিত্র ৩: কৃষকের হিসাব ব্যতীত বিভিন্ন খাতে সরকারি মালিকানাধীন ০৮ টি ব্যাংকে খোলা মোট ব্যাংক হিসাব





ছক-৫ এর তথ্য অনুসারে সরকারি মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত উক্ত ৮টি ব্যাংকের মধ্যে ২০২০ সালের মার্চ পর্যন্ত ১০ টাকা (কৃষকের হিসাব ব্যতীত), ৫০ টাকা ও ১০০ টাকায় খোলা মোট পুঞ্জীভূত হিসাবের ক্ষেত্রে ৩৮,৮৩,৫২২টি হিসাবসহ শীর্ষে রয়েছে সোনালী ব্যাংক লি.। এছাড়া, উক্ত ব্যাংকে সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় ভাতাভোগী হিসাব খাতে সর্বোচ্চ ২৬,৬০,২৩০ টি হিসাব খোলা হয়েছে। তবে, সোনালী ব্যাংক লি. সহ অন্যান্য সরকারি ও বিশেষায়িত ব্যাংকে অন্যান্য খাতসমূহের হিসাবসংখ্যার ত্রৈমাসিক অগ্রগতি লক্ষণীয় মাত্রায় হয়নি। এছাড়া, হিসাবের সংখ্যা অনুযায়ী আলোচ্য ত্রৈমাসিকান্তে দ্বিতীয় অবস্থানে থাকা অগ্রণী ব্যাংক লি. এর কৃষকের হিসাব ব্যতীত ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকায় খোলা মোট হিসাবসংখ্যা ১৮,৭৬,৩৯৫। উল্লেখ্য, বেসিক ব্যাংক লি. এর হিসাব সংখ্যা এই ৮টি ব্যাংকের মধ্যে সর্বনিম্ন। সরকারি মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য হিসাবের ত্রৈমাসিকভিত্তিক অগ্রগতির তুলনামূলক তথ্য নিম্নরূপ:

ছক ৬: কৃষকের হিসাব ব্যতীত বিভিন্ন খাতে সরকারি মালিকানাধীন ০৮টি ব্যাংকে মোট পুঞ্জীভূত হিসাবের ত্রৈমাসিক ভিত্তিক তথ্য

| ব্যাংকের নাম | সেপ্টেম্বর ২০১৯ | ডিসেম্বর ২০১৯ | মার্চ ২০২০ |
|---|---|---|---|
| সোনালী ব্যাংক লি. | ৩৮,১৬,১৩৪ | ৩৮,৪৯,৪৮৯ | ৩৮,৮৩,৫২২ |
| জনতা ব্যাংক লি. | ১৮,২১,০৬২ | ১৮,৩২,১৯৯ | ১৮,৭৬,৩৯৫ |
| অগ্রণী ব্যাংক লি. | ১১,৯৫,৯৯৬ | ১১,৯৭,৩৭৬ | ১১,৯৭,৮২৬ |
| রূপালী ব্যাংক লি. | ২,১৯,৬৩৪ | ২,২৮,৭৩১ | ২,২৫,৪৪৯ |
| বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লি. | ২,৪৪৮ | ৩,৬২৭ | ২,৮১৯ |
| বেসিক ব্যাংক লি. | ৫,৫৭৯ | ৫,৯৬৭ | ১,৮৩৬ |
| বাংলাদেশ কৃষি ব্যাংক | ১৪,৫০,৬৩৫ | ১৪,৭৬,৩৯০ | ১৪,৭৭,২০৩ |
| রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ৮,০৪,৬৩৪ | ৮,০৩,০৩৭ | ৮,০৩,০৩৭ |
| মোট | ৯৩,১৬,১২২ | ৯৩,৯৬,৮১৬ | ৯৪,৬৮,০৮৭ |

চিত্র ৪: কৃষকের হিসাব ব্যতীত বিভিন্ন খাতে সরকারি মালিকানাধীন ০৮টি ব্যাংকে খোলা হিসাবের ত্রৈমাসিক অগ্রগতি




## সার্বিক পর্যালোচনা:

বাংলাদেশ ব্যাংক হতে ০৯ এপ্রিল ২০১৫ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-৩ মোতাবেক ব্যাংকসমূহ হতে মার্চ ২০২০ পর্যন্ত প্রাপ্ত তথ্যানুযায়ী বিশেষভাবে উল্লেখযোগ্য বিষয়সমূহ নিম্নরূপ:

- মার্চ ২০২০ ত্রৈমাসিক পর্যন্ত বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকসমূহে আর্থিক অন্তর্ভুক্তি খাতে মোট পুঞ্জীভূত হিসাব খোলা হয়েছে ২,১৩,৭৮,৭৫৮ টি, যা ডিসেম্বর ২০১৯ ত্রৈমাসিক পর্যন্ত ছিল ২,০৫,২০,১৩৪ টি এবং মার্চ ২০১৯ ত্রৈমাসিক পর্যন্ত ছিল ১,৯২,১৭,০৪৭ টি অর্থাৎ ত্রৈমাসিক ও বার্ষিক বৃদ্ধির হার ছিল যথাক্রমে ৪.১৮% ও ১১.২৫%।
- মার্চ ২০২০ ত্রৈমাসিক পর্যন্ত হিসাবগুলোতে পুঞ্জিভূত জমার মোট পরিমাণ ছিল ২,৩৮৫.১৩ কোটি টাকা। অপরদিকে, ডিসেম্বর ২০১৯ ত্রৈমাসিক পর্যন্ত বিশেষ সুবিধাযুক্ত সব হিসাবের জমার পরিমাণ ছিল ২,৩৫৬.২৪ কোটি টাকা এবং মার্চ ২০১৯ ত্রৈমাসিকে পর্যন্ত ছিল ১,৯০৮.৮৪ কোটি টাকা, অর্থাৎ ত্রৈমাসিক ও বার্ষিক জমা বৃদ্ধির হার ছিল যথাক্রমে ১.২৩% ও ২৪.৯৫%।
- মোট পুঞ্জীভূত হিসাবের প্রায় অর্ধেকই কৃষকের হিসাব যা খাতওয়ারি হিসাব সংখ্যার মধ্যে সর্বোচ্চ। মার্চ ২০২০ ত্রৈমাসিক পর্যন্ত ১০ টাকায় কৃষকের খোলা হিসাব সংখ্যা ১,০২,১৪,০৪৯ টি যা মোট হিসাবসংখ্যার প্রায় ৪৮%। এছাড়া, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় খোলা হিসাবসংখ্যা মোট হিসাবসংখ্যার ৩২% এবং অন্যান্য সকল ১০ , ৫০ ও ১০০ টাকায় খোলা হিসাব ১৩%।
- সরকারি সহায়তার অংশ হিসেবে এবং দরিদ্র জনগোষ্ঠীর ব্যাংকিং সেবা প্রদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক বিভিন্ন প্রকল্প ভিত্তিক কর্মকান্ডে ভর্তুকী/অর্থ সহায়তা প্রদান করা হচ্ছে। মার্চ ২০২০ ত্রৈমাসিকান্তে সরকারি এসব ভর্তুকী/অর্থসহায়তা প্রাপ্ত হিসাবের মোট সংখ্যা ৫১,০৬,৭৫৯ টি যা ডিসেম্বর ২০১৯ ত্রৈমাসিকে ছিল যথাক্রমে ৫০,২৮,৭৯৮ টি অর্থাৎ, ত্রৈমাসিক বৃদ্ধির হার ছিল ১.৫৫%।

মার্চ ২০২০ ত্রৈমাসিকে এসব হিসাবে জমার মোট পরিমাণ ৯১৫.৮০ কোটি টাকা যা ডিসেম্বর ২০১৯ ত্রৈমাসিকে ছিল ৮৯৫.৯১ কোটি টাকা অর্থাৎ ত্রৈমাসিক বৃদ্ধির হার ছিল ২.০১% ।

- ১০ টাকার হিসাবসমূহের মধ্যে ৭২,২৮৬ টি হিসাবে বিভিন্ন খাতে উক্ত হিসাবধারীদের অনুকূলে ঋণ বিতরণ করা হয়েছে। এর মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে গঠিত ২০০ কোটি টাকার পুন:অর্থায়ন স্কীমের আওতায় প্রদত্ত ঋণসহ অন্যান্য ঋণ রয়েছে। এসকল হিসাবে বিতরণকৃত ঋণের পরিমাণ ৩৪৯.৯৮ কোটি টাকা।
- উল্লেখ্য, মার্চ ২০২০ ত্রৈমাসিক পর্যন্ত আলোচ্য হিসাবসমূহের ৬৫,১৭৪ টি হিসাবে বৈদেশিক রেমিট্যান্স জমা হয়েছে এবং এসব হিসাবে জমার পরিমাণ প্রায় ২৬৪.৫০ কোটি টাকা যা পূর্ববর্তী ত্রৈমাসিক হতে ১.৫৭ কোটি টাকা বেশি।

## ৩. স্কুল ব্যাংকিং কার্যক্রমের মার্চ ২০২০ ভিত্তিক ত্রৈমাসিক অগ্রগতি তথ্য

আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের অন্যতম একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ হলো স্কুল ব্যাংকিং। ১৮ বছরের কম বয়সী শিক্ষার্থীদের ব্যাংকিং সেবা ও আধুনিক ব্যাংকিং প্রযুক্তির সাথে পরিচিত করার পাশাপাশি সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলার উদ্দেশ্যে এ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। অর্থনৈতিক কর্মকান্ডে ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে তাদেরকে দেশের আর্থিক সেবার আওতায় নিয়ে আসাই স্কুল ব্যাংকিংয়ের লক্ষ্য। স্কুল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ০২ নভেম্বর ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে প্রথমবারের মতো তফসিলি ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান করে। পরবর্তীতে ২৮ অক্টোবর ২০১৩ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ এর মাধ্যমে স্কুল ব্যাংকিংয়ের পূর্ণাঙ্গ নীতিমালা এবং ০৯ এপ্রিল ২০১৫ তারিখের জিবিসিএসআরডি সার্কুলার নং-৩ এর মাধ্যমে নির্ধারিত ছকে স্কুল ব্যাংকিং কার্যক্রমের ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের নির্দেশনা জারি করা হয়েছে। সর্বশেষ ১৭ ডিসেম্বর ২০১৮ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০২ এর মাধ্যমে স্কুল ব্যাংকিং হিসাবধারী যেসব শিক্ষার্থীর বয়স ১৮ বছর অতিক্রান্ত হয়েছে তাদের হিসাব হিসাবধারীর সম্মতিক্রমে সাধারণ সঞ্চয়ী হিসাবে রূপান্তর করার জন্য পরামর্শ দেওয়া হয়েছে ।

স্কুল ব্যাংকিং কার্যক্রম নীতিমালার আলোকে ব্যাংকগুলো ন্যূনতম ১০০ টাকা জমা গ্রহণের মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাব খুলছে। এছাড়াও, ব্যাংক হিসাবে আকর্ষণীয় মুনাফা প্রদান, সার্ভিস চার্জ গ্রহণ না করা, এটিএম/ডেবিট কার্ড প্রদানসহ বিভিন্ন বিশেষ সুবিধা প্রদান এবং স্কুল কেন্দ্রিক আর্থিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করার মাধ্যমে স্কুল ব্যাংকিং কার্যক্রমের প্রসার ঘটছে। মার্চ ২০২০ ত্রৈমাসিক পর্যন্ত সর্বমোট ২৩,২৯,১৩১ টি স্কুল ব্যাংকিং হিসাব খোলা হয়েছে, যা ডিসেম্বর ২০১৯ হতে ১৬.৮৭% বেশি। অপরদিকে, মার্চ ২০২০ ত্রৈমাসিক পর্যন্ত উক্ত হিসাবসমূহের বিপরীতে মোট জমা হয়েছে ১৭২৪.৬৩ কোটি টাকা, যা পূর্ববর্তী ত্রৈমাসিক পর্যন্ত ছিল ১,৬২৫.৬১ কোটি টাকা, অর্থাৎ স্কুল ব্যাংকিং হিসাবসমূহের স্থিতির ত্রৈমাসিক বৃদ্ধি ৬.০৯%। বাংলাদেশে কার্যরত ৬০টি তফসিলি ব্যাংকের মধ্যে এ পর্যন্ত মোট ৫৫ টি ব্যাংক স্কুল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। মার্চ ২০২০ ত্রৈমাসিক ভিত্তিতে স্কুল ব্যাংকিং হিসাবের তুলনামূলক বিবরণ নিম্নে তুলে ধরা হলোঃ


ছক ৭: স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের বিস্তারিত তথ্য

| | পল্লী শাখা | | শহর শাখা | | মোট |
|---|---|---|---|---|---|
| | ছাত্র | ছাত্রী | ছাত্র | ছাত্রী | |
| ব্যাংক হিসাব (সংখ্যা) | ৪,৯৩,৩৯২ | ৪,০৪,৯২৩ | ৮,৪৫,২৭২ | ৫,৮৫,৫৪৪ | ২৩,২৯,১৩১ |
| স্থিতি (কোটি টাকায়) | ২৩৫.২৫ | ২০০.৪৯ | ৭৪০.০৮ | ৫৪৮.৮১ | ১,৭২৪.৬৩ |


ছক ৮: স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের অঞ্চলভিত্তিক বিস্তারিত তথ্য

| | গ্রামাঞ্চল | | শহরাঞ্চল | | মোট |
|---|---|---|---|---|---|
| | মোট | শতাংশ | মোট | শতাংশ | |
| ব্যাংক হিসাব (সংখ্যা) | ৮,৯৮,৩১৫ | ৩৮.৫৭% | ১৪,৩০,৮১৬ | ৬১.৪৩% | ২৩,২৯,১৩১ |
| স্থিতি (কোটি টাকায়) | ৪৩৫.৭৪ | ২৫.২৭% | ১২৮৮.৮৯ | ৭৪.৭৩% | ১,৭২৪.৬৩ |

চিত্র ৫: অঞ্চলভিত্তিক স্কুল ব্যাংকিং হিসাব সংখ্যার তুলনামূলক চিত্র





চিত্র ৬: অঞ্চলভিত্তিক স্কুল ব্যাংকিং হিসাবে স্থিতির তুলনামূলক চিত্র





ছক ৯: স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের লিঙ্গভিত্তিক বিস্তারিত তথ্য

| | ছাত্র | | ছাত্রী | | মোট |
|---|---|---|---|---|---|
| | মোট | শতাংশ | মোট | শতাংশ | |
| ব্যাংক হিসাব (সংখ্যা) | ১৩,৩৮,৬৬৪ | ৫৭.৪৭% | ৯,৯০,৪৬৭ | ৪২.৫৩% | ২৩,২৯,১৩১ |
| স্থিতি (কোটি টাকায়) | ৯৭৫.৩৩ | ৫৬.৫৫% | ৭৪৯.৩ | ৪৩.৪৫% | ১,৭২৪.৬৩ |

চিত্র ৭: ছাত্র এবং ছাত্রীদের স্কুল ব্যাংকিং হিসাব সংখ্যার তুলনামূলক চিত্র





চিত্র ৮: ছাত্র এবং ছাত্রীদের স্কুল ব্যাংকিং হিসাবে স্থিতির তুলনামূলক চিত্র




ছক ১০: ব্যাংকের ধরণের উপর ভিত্তি করে বিগত পাঁচ ত্রৈমাসিকে ব্যাংক হিসাব খোলার তথ্য

| ব্যাংকের ধরণ | হিসাব সংখ্যা | | | | | শেষ ত্রৈমাসিকে হিসাব সংখ্যার হ্রাস/বৃদ্ধি |
|---|---|---|---|---|---|---|
| | মার্চ ২০১৯ | জুন ২০১৯ | সেপ্টেম্বর ২০১৯ | ডিসেম্বর ২০১৯ | মার্চ ২০২০ | |
| রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক | ৪,৬৩,৬১৩ | ৪,৭৪,০৯৪ | ৪,৮৮,১০৭ | ৪,৯৫,৫৬০ | ৫,৭৩,৪৬৫ | ১৫.৭২% |
| বিশেষায়িত ব্যাংক | ১,৩২,০৮৭ | ১,৩১,৬৫২ | ১,৩৫,৮২৩ | ১,৩৫,২৫৬ | ১,৪০,৮০৯ | ৪.১১% |
| বেসরকারি বাণিজ্যিক ব্যাংক | ১৩,৫৬,০১৯ | ১৩,৮৭,৭২৫ | ১২,২৬,৪০৩ | ১৩,৫৯,৪০৭ | ১৬,১২,১১৩ | ১৮.৫৯% |
| বিদেশী বাণিজ্যিক ব্যাংক | ২,৫১২ | ২,৫৫৯ | ২,৫৮০ | ২,৬৭৯ | ২,৭৪৪ | ২.৪৩% |
| সর্বমোট | ১৯,৫৪,২৩১ | ১৯,৯৬,০৩০ | ১৮,৫২,৯১৩ | ১৯,৯২,৯০২ | ২৩,২৯,১৩১ | ১৬.৮৭% |


চিত্র ৯: ব্যাংকের ধরণ অনুযায়ী করে বিগত পাঁচ ত্রৈমাসিকে ব্যাংক হিসাব খোলার তুলনামূলক চিত্র





ছক ১১: ব্যাংকের ধরণ অনুযায়ী স্কুল ব্যাংকিং হিসাব এবং স্থিতির তথ্য

| ব্যাংকের ধরণ | স্কুল ব্যাংকিং হিসাব সংখ্যা | শতাংশ | ব্যাংক হিসাবে স্থিতি(কোটি টাকা) | শতাংশ |
|---|---|---|---|---|
| রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক | ৫,৭৩,৪৬৫ | ২৪.৬২% | ২১৭.৮৮ | ১২.৬৩% |
| বিশেষায়িত ব্যাংক | ১,৪০,৮০৯ | ৬.০৫% | ৩৮.০৪ | ২.২১% |
| বেসরকারি বাণিজ্যিক ব্যাংক | ১৬,১২,১১৩ | ৬৯.২২% | ১,৪৪৪.১৪ | ৮৩.৭৪% |
| বিদেশী বাণিজ্যিক ব্যাংক | ২,৭৪৪ | ০.১২% | ২৪.৫৭ | ১.৪২% |
| সর্বমোট | ২৩,২৯,১৩১ | ১০০.০০% | ১,৭২৪.৬৩ | ১০০.০০% |

চিত্র ১০: ব্যাংকের ধরণ অনুযায়ী স্কুল ব্যাংকিং হিসাবের চিত্র




চিত্র ১১: ব্যাংকের ধরণ অনুযায়ী স্কুল ব্যাংকিং হিসাবে স্থিতির চিত্র




ছক ১২: শীর্ষ পাঁচ ব্যাংকের হিসাব সংখ্যা ও হিসাবে স্থিতির তথ্য

| শীর্ষ ০৫ ব্যাংকের হিসাব সংখ্যা | | | | | শীর্ষ ০৫ ব্যাংকের স্থিতি | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| **ক্রম** | **ব্যাংকের নাম** | **হিসাব সংখ্যা** | **মোট হিসাবের শতকরা হার** | | **ক্রম** | **ব্যাংকের নাম** | **স্থিতি (কোটি টাকায়)** | **মোট স্থিতির শতকরা হার** |
| ১ | ডাচ-বাংলা ব্যাংক লি. | ৫,০৯,৪৫৫ | ২১.৮৭% | | ১ | ডাচ-বাংলা ব্যাংক লি. | ৪৯২.৬৭ | ২৮.৫৭% |
| ২ | অগ্রণী ব্যাংক লি. | ২,৩৮,৬২৯ | ১০.২৫% | | ২ | ইস্টার্ন ব্যাংক লি. | ১৩৫.৭৯ | ৭.৮৭% |
| ৩ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. | ২,৩১,৮৪০ | ৯.৯৫% | | ৩ | ঢাকা ব্যাংক লি. | ৯৯.২৫ | ৫.৭৫% |
| ৪ | ট্রাস্ট ব্যাংক লি. | ১,২৭,৯৮৮ | ৫.৫০% | | ৪ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. | ৯৬.৪০ | ৫.৫৯% |
| ৫ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | ১,১৭,১৭২ | ৫.০৩% | | ৫ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি. | ৮০.৯৫ | ৪.৬৯% |

## সার্বিক পর্যালোচনা:

বাংলাদেশ ব্যাংক হতে ০৪ নভেম্বর ২০১৫ তারিখে জারিকৃত এফআইডি সার্কুলার লেটার নং ঃ ০২ মোতাবেক ব্যাংকসমূহ হতে মার্চ ২০২০ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী বিশেষভাবে উল্লেখযোগ্য বিষয়সমূহ নিম্নরূপ:

- মার্চ ২০২০ ত্রৈমাসিক পর্যন্ত স্কুল ব্যাংকিং ব্যবস্থায় খোলা হিসাব সংখ্যা এবং স্থিতির পরিমান ছিল যথাক্রমে ২৩,২৯,১৩১ টি এবং ১,৭২৪.৬৩ কোটি টাকা যা ডিসেম্বর ২০১৯ ত্রৈমাসিক অপেক্ষা যথাক্রমে ১৬.৮৭% এবং ৬.০৯% বেশি।
- বিগত এক বছরে স্কুল ব্যাংকিং হিসাব সংখ্যা বৃদ্ধি পেয়েছে ৩,৭৪,৯০০ টি অর্থাৎ বিগত এক বছরে হিসাব সংখ্যার প্রবৃদ্ধি ১৯.১৮%।
- হিসাব সংখ্যা ও স্থিতির দিক থেকে বেসরকারি ব্যাংকগুলোর অবদান বেশী। বেসরকারি ব্যাংকসমূহ মোট ১৬,১২,১১৩ টি ব্যাংক হিসাব খুলেছে যা মোট স্কুল ব্যাংকিং হিসাবের ৬৯.২২% এবং এসব হিসাবের বিপরীতে ১,৪৪৪.১৪ কোটি টাকা আমানত সংগ্রহ করেছে যা স্কুল ব্যাংকিং হিসাবের মোট স্থিতির ৮৩.৭৪%। অন্যদিকে, রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ ২৪.৬২% স্কুল ব্যাংকিং হিসাব খুললেও মোট স্থিতির মাত্র ১২.৬৩% তারা সংগ্রহ করেছে। ৯ টি বিদেশী ব্যাংকের মধ্যে ৭টি ব্যাংক (এইচএসবিসি এবং সিটিব্যাংক এন.এ. ব্যতীত) স্কুল ব্যাংকিং হিসাব পরিচালনা করছে। বিদেশী ব্যাংকগুলোয় খোলা স্কুল ব্যাংকিং হিসাব সংখ্যা ২,৭৪৪ টি এবং স্থিতি ২৪.৫৭ কোটি টাকা।
- মোট হিসাবের ৩৮.৫৭% গ্রামাঞ্চলে এবং ৬১.৪৩% শহরাঞ্চলে খোলা হয়েছে । গ্রামাঞ্চল ও শহরাঞ্চলে স্থিতির পরিমাণ মোট স্থিতির যথাক্রমে ২৫.২৭% এবং ৭৪.৭৩% ।
- মোট হিসাবে ছাত্র ও ছাত্রীর অনুপাত ৫৭.৪৭ ঃ ৪২.৫৩।
- ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড সর্বোচ্চ সংখ্যক অর্থাৎ ৫,০৯,৪৫৫ টি হিসাব খুলেছে যা মোট হিসাবের ২১.৮৭%। অপরদিকে, স্থিতির ভিত্তিতেও শীর্ষে অবস্থান করছে ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড। তাদের সংগৃহীত আমানত প্রায় ৪৯২.৬৭ কোটি টাকা, যা মোট স্থিতির ২৮.৫৭%।

## ৪. পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংকিং সেবা প্রদানের মার্চ ২০২০ ভিত্তিক ত্রৈমাসিক অগ্রগতি তথ্য

পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের আনুষ্ঠানিক ব্যাংকিং সেবার আওতায় এনে তাদের তাদের কষ্টার্জিত অর্থের নিরাপদ সঞ্চয়ের সুযোগ সৃষ্টি, আর্থিকভাবে স্বাবলম্বী করা, এবং ভবিষ্যত সুরক্ষার লক্ষ্যে ব্যাংকে তাদের হিসাব খোলার নিমিত্তে বাংলাদেশ ব্যাংক ০৯ মার্চ, ২০১৪ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৫ এর মাধ্যমে ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করে। পথশিশু/কর্মজীবী শিশুদের মধ্যে যাদের বাবা-মা নেই, তারা নিবন্ধিত বেসরকারী সংস্থার (এনজিও) সহায়তায় মনোনীত ব্যাংকগুলোতে হিসাব খুলতে পারে। এ কাজের সাথে সম্পৃক্ত এনজিওগুলো হিসাব পরিচালনা ও হিসাবধারীদের কল্যাণে ভূমিকা পালনের জন্য পুরোপুরি দায়বদ্ধ। অন্যান্য ১০ টাকার হিসাবের ন্যায় এসকল ব্যাংক হিসাব হতেও কোন সার্ভিস চার্জ গ্রহণ করা হয়না।

ব্যাংকসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মার্চ ২০২০ ত্রৈমাসিক ভিত্তিক পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংক হিসাবের হালনাগাদ তথ্য নিম্নের ছকে তুলে ধরা হলো:

ছক ১৩: পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংক হিসাবের হালনাগাদ তথ্য

| ক্রম | ব্যাংকের নাম | সহায়তাকারী এনজিও | চলতি ত্রৈমাসিকে খোলা হিসাবের সংখ্যা | চলতি ত্রৈমাসিকে বন্ধ হওয়া হিসাব সংখ্যা | মোট পুঞ্জিভূত হিসাব সংখ্যা | পুঞ্জিভূত স্থিতি (হাজার টাকায়) |
|---|---|---|---|---|---|---|
| ১ | সোনালী ব্যাংক লিমিটেড | উদ্দীপন, ঘাসফুল, পথশিশু কল্যাণ ট্রাস্ট | ০ | ০ | ৪৬ | ৯.১০ |
| ২ | অগ্রণী ব্যাংক লিমিটেড | উদ্দীপন, ঘাসফুল, নারীমুক্তি সংস্থা | ২,৪০১ | ০ | ৫,৩২০ | ৫২.৯২ |
| ৩ | জনতা ব্যাংক লিমিটেড | ইবিসিআর প্রকল্প, ঘাসফুল | ৮ | ০ | ২০০ | ৮০.০০ |
| ৪ | রূপালী ব্যাংক লিমিটেড | অপরাজেয় বাংলাদেশ, মাসাস, সোসাইটি ফর আনপ্রিভিলেজড ফ্যামিলি, পথশিশু কল্যাণ ট্রাস্ট | ০ | ৩৪ | ৯৪৯ | ১,১৭৮.৯০ |
| ৫ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড | ব্র্যাক | ০ | ০ | ১৮৮ | ১৪.০২ |
| ৬ | বাংলাদেশ কৃষি ব্যাংক | উদ্দীপন | ০ | ০ | ১৬২ | ৪০.০০ |
| ৭ | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড | উদ্দীপন, এএসডি, এফএফডিএ, আলোর দিশা | ৮ | ০ | ১৫৩ | ১৭৬.৬৯ |
| ৮ | ব্যাংক এশিয়া লিমিটেড | অপরাজেয় বাংলাদেশ, ব্র্যাক, উদ্দীপন | ০ | ০ | ২৩৪ | ১৮৭.৬৪ |
| ৯ | ডাচ্-বাংলা ব্যাংক লিঃ | এডুকেশন এন্ড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন | ০ | ০ | ২০ | ৪.৩৬ |
| ১০ | মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড | অপরাজেয় বাংলাদেশ, ছায়াতল বাংলাদেশ, সৃজনী ফাউন্ডেশন, এইড অর্গানাইজেশন, মাসাস | ০ | ০ | ২২৬ | ১০৪.৮৮ |
| ১১ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড | এএসডি | ০ | ০ | ৪৫ | ১২.০৩ |
| ১২ | ন্যাশনাল ব্যাংক লিমিটেড | সিপিডি | ০ | ০ | ১৯ | ১৩ |
| ১৩ | ওয়ান ব্যাংক লিমিটেড | সাজিদা ফাউন্ডেশন, প্রদীপন | ০ | ০ | ২২৬ | ২০৮.৯০ |
| ১৪ | প্রাইম ব্যাংক লিঃ | ব্র্যাক | ০ | ০ | ৩৯ | ২ |
| ১৫ | পূবালী ব্যাংক লিমিটেড | ব্র্যাক, অপরাজেয় বাংলাদেশ, নারী মৈত্রী, উদ্দীপন | ০ | ০ | ৫৪৪ | ৪০০ |
| ১৬ | সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড | বাংলার পাঠশালা, এসইএফ, ঘাসফুল | ৫ | ০ | ১,১৬৩ | ১,১২৬.৬৬ |
| ১৭ | দি সিটি ব্যাংক লিমিটেড | প্রদীপন | ০ | ০ | ১৫২ | ২০০ |
| ১৮ | ট্রাস্ট ব্যাংক লিমিটেড | মাসাস | ০ | ১ | ২৭৪ | ১০০ |
| ১৯ | উত্তরা ব্যাংক লিমিটেড | পরিবর্তন | ০ | ৩৫ | ৩৯ | ৪ |
| | সর্বমোট | | ২,৪২২ | ৭০ | ৯,৯৯৯ | ৩,৯১৫.১০ |

## সার্বিক পর্যালোচনা:

ব্যাংকসমূহ হতে মার্চ ২০২০ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী বিশেষভাবে উল্লেখযোগ্য বিষয়সমূহ নিম্নরূপ:

- মার্চ ২০২০ ত্রৈমাসিক পর্যন্ত ১৯টি ব্যাংক ২৩টি এনজিও এর সহায়তায় পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের মোট ৯,৯৯৯ টি হিসাব খুলেছে যার মোট স্থিতির পরিমাণ প্রায় ৩৯.১৫ লক্ষ টাকা।
- মার্চ ২০২০ ত্রৈমাসিক পর্যন্ত অগ্রণী ব্যাংক লিমিটেড ৫,৩২০ টি হিসাব খোলার মাধ্যমে মোট হিসাবের ভিত্তিতে এবং প্রায় ১১.৭৯ লক্ষ টাকা জমা করে রূপালী ব্যাংক লিমিটেড মোট স্থিতির ভিত্তিতে শীর্ষ অবস্থানে রয়েছে।
- মার্চ ২০১৯ হতে মার্চ ২০২০ পর্যন্ত বিগত এক বছরে পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংক হিসাব বেড়েছে মোট ৫,২০৫টি অর্থাৎ হিসাব সংখ্যা বৃদ্ধির হার ১০৮.৫৭%। এ সময়ে স্থিতি বেড়েছে মোট ৬.১৮ লক্ষ টাকা অথাৎ স্থিতির বৃদ্ধির হার ১৮.৭৬%।

**পরিশিষ্ট-ক: তফসিলি ব্যাংকসমূহে ১০ টাকা/৫০ টাকা/১০০ টাকার হিসাব খোলা সংক্রান্ত নির্দেশনাসমূহের তালিকা**

| তারিখ | সার্কুলার নং | শিরোনাম |
|---|---|---|
| ১৭-০১-১০ | বিআরপিডি সার্কুলার নং-০১/২০১০ | কৃষকের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে । |
| ২৫-০৩-১০ | বিআরপিডি সার্কুলার লেটার নং-০৫/২০১০ | কৃষকের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে । |
| ০২-০৫-১০ | বিআরপিডি সার্কুলার নং-১৭/২০১০ | ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সুবিধাভোগীদের নামে ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে। |
| ০৮-০৯-১০ | বিআরপিডি সার্কুলার নং-২৯/২০১০ | অতি দরিদ্রদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে। |
| ০২-১১-১০ | বিআরপিডি সার্কুলার লেটার নং-১২/২০১০ | স্কুল ব্যাংকিং কার্যক্রম চালু প্রসঙ্গে। |
| ১১-০৪-১১ | বিআরপিডি সার্কুলার নং-০৪/২০১১ | মুক্তিযোদ্ধাদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে । |
| ১৯-০৬-১১ | বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১১ | সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে। |
| ১৮-০৯-১১ | বিআরপিডি সার্কুলার নং-০৭/২০১১ | হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট থেকে অনুদানপ্রাপ্ত দুঃস্থদের নামে ১০/-টাকা দিয়ে ব্যাংক একাউন্ট খোলা প্রসঙ্গে। |
| ০১-১১-১১ | বিআরপিডি সার্কুলার নং-০৮/২০১১ | ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতাদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে। |
| ০৬-১১-১২ | এসিএফআইডি সার্কুলার লেটার নং-০৪/২০১২ | ১০ টাকায় খোলা কৃষকের হিসাব ব্যবহারে গতিশীলতা আনয়ন প্রসঙ্গে। |
| ১৮-১১-১২ | বিআরপিডি সার্কুলার নং-১৭/২০১২ | অতি-দরিদ্র মহিলাদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে। |
| ২৬-০৫-১৩ | জিবিসিএসআরডি সার্কুলার নং-০১/২০১৩ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে দুঃস্থ পুনর্বাসনের লক্ষ্যে অনুদান বরাদ্দকৃত ব্যক্তিদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে । |
| ২৫-০৭-১৩ | জিবিসিএসআরডি সার্কুলার নং-০৩/২০১৩ | ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিকদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে। |
| ১১-০৯-১৩ | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১/২০১৩ | দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী এসএমই উদ্যোক্তাগণকে স্বল্প সুদে ঋণ বিতরণের লক্ষ্যে স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন স্কীম "বাংলাদেশ ব্যাংক ফান্ড" এর নীতিমালায় কতিপয় সংশোধন/সংযোজন প্রসঙ্গে। |
| ১৭-০৯-১৩ | জিবিসিএসআরডি সার্কুলার নং-০৫/২০১৩ | তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিকদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে। |
| ২৬-০৯-১৩ | জিবিসিএসআরডি সার্কুলার নং-০৬/২০১৩ | এলএসবিপিসি (লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল) প্রকল্পভুক্ত পাদুকা ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারী ক্ষুদ্র কারখানার কারিগরদের জন্য ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে। |
| ০৯-০৩-১৪ | বিআরপিডি সার্কুলার নং-০৫/২০১৪ | পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের জন্য ব্যাংকিং সেবা প্রদান। |
| ১৪-০৫-১৪ | জিবিসিএসআরডি সার্কুলার নং-০১/২০১৪ | আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০ টাকার হিসাবধারী ক্ষুদ্র/প্রান্তিক/ভুমিহীন কৃষক, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী এবং প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য পুনঃঅর্থায়ন স্কীম। |
| ২০-০১-১৫ | জিবিসিএসআরডি সার্কুলার নং-০১/২০১৫ | দৃষ্টিপ্রতিবন্ধীসহ অন্যান্য সকল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ব্যাংকিং সেবা নিশ্চিতকরণ প্রসঙ্গে। |
| ১২-০২-১৫ | জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০২/২০১৫ | পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের জন্য ব্যাংকিং সেবা প্রদান। |
| ০৩-০৩-১৫ | জিবিসিএসআরডি সার্কুলার নং-০২/২০১৫ | ১০(দশ), ৫০(পঞ্চাশ) ও ১০০(একশত) টাকায় খোলা হিসাবসমহের মুনাফা/সুদ হার প্রসঙ্গে। |
| ০৮-০৪-১৫ | এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২/২০১৫ | কুটির, মাইক্রো ও ক্ষুদ্র খাতে নতুন নারী উদ্যোক্তাকে ঋণ/আর্থিক সেবা প্রদান প্রসঙ্গে। |
| ১৮-০৬-১৫ | জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০৭/২০১৫ | বাংলাদেশ ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ক্ষুদ্র/প্রান্তিক/ভুমিহীন কৃষক, প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থ নিম্ন আয়ের পেশাজীবি ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ১০ টাকার ব্যাংক হিসাব খোলা প্রসংগে |
| ০৩-০৮-১৫ | এফআইডি সার্কুলার নং-০২/২০১৫ | আঙ্গরপোতা ও দহগ্রামসহ বাংলাদেশের মূল ভূখন্ডে একীভূত ১১১টি ছিটমহলের অধিবাসীদের জন্য আর্থিক অন্তর্ভুক্তি কর্মসচীর আওতায় ন্যূনতম ১০ টাকা জমা গ্রহণপূর্বক ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে। |
| ১৭-০৯-১৫ | ডিএমডি সার্কুলার নং-০২/২০১৫ | সঞ্চয়পত্রের মুনাফা ও মূল টাকা সরাসরি গ্রাহকের ব্যাংক হিসাবে প্রদান এবং এ বিষয়ে ব্যাপক প্রচারণা প্রসঙ্গে। |

| তারিখ | সার্কুলার নং | শিরোনাম |
|---|---|---|
| ০৪-১১-১৫ | এফআইডি সার্কুলার লেটার নং-০২/২০১৫ | স্কুল ব্যাংকিং নীতিমালার আওতায় শিক্ষার্থীদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে। |
| ২৬-০১-১৬ | এফআইডি সার্কুলার লেটার নং-০২/২০১৬ | স্কুল ব্যাংকিং নীতিমালার আওতায় ০৬ (ছয়) বছরের কমবয়সী শিক্ষার্থীদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে। |
| ১৪-০২-১৬ | এফআইডি সার্কুলার লেটার নং-০৩/২০১৬ | পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের জন্য ব্যাংকিং সেবা প্রদান। |
| ২৮-০১-১৮ | এফআইডি সার্কুলার লেটার নং-০১/২০১৮ | স্কুল ব্যাংকিং কার্যক্রমের আওতায় শিক্ষার্থীদের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে। |
| ১৭-১২-১৮ | এফআইডি সার্কুলার লেটার নং-০২/২০১৮ | স্কুল ব্যাংকিং হিসাব সাধারণ সঞ্চয়ী হিসাবে রূপান্তরকরণ প্রসঙ্গে। |